

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ: ০৫ এপ্রিল, ২০২৩/২২ চৈত্র, ১৪২৯

নং-১৭.০০.০০০০.০২৫.২২.০০৪.২২(অংশ-১)-২৪১।- নির্বাচন কমিশন সচিবালয় এর ২৬ ফেব্রুয়ারি ২০২৩/ ১৩ ফাল্গুন ১৪২৯ তারিখের ১৭.০০.০০০০.০২৫.২২.০০৪.২২(অংশ)-১৫৬ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশিত দ্বাদশ জাতীয় সংসদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে এলাকা ভিত্তিক নির্বাচনি এলাকাসমূহের পুনঃনির্ধারিত সীমানা সম্পর্কে নির্ধারিত সময়সীমার মধ্যে যারা নির্বাচন কমিশনে লিখিত আপত্তি/পরামর্শ দাখিল করেছেন, তাঁদের অবগতির জন্য এ মর্মে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন প্রকাশ্য শুনানীর মাধ্যমে তাঁদের আপত্তি/পরামর্শসমূহ নিষ্পত্তি করবেন। উক্ত শুনানী নিম্ন তফসিলে বর্ণিত তারিখ, সময় ও স্থান অনুযায়ী অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট আপত্তি/পরামর্শদাতা-কে কাগজপত্রসহ তফসিলে বর্ণিত নির্ধারিত তারিখ, সময় ও স্থানে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য যে,

- শুনানীতে শুধুমাত্র গেজেটে বর্ণিত নীতিমালার ব্যত্যয় সংক্রান্ত আপত্তি/পরামর্শসমূহ বিবেচনা করা হবে।
- নতুনভাবে উত্থাপিত কোন আপত্তি/পরামর্শ গ্রহণ করা হবে না এবং ১৯ মার্চ ২০২৩ তারিখের পর প্রাপ্ত আপত্তি/পরামর্শ বিবেচনা করা হবে না।
- আপত্তিকারী/পরামর্শকারী বা তাঁর ক্ষমতাপ্রাপ্ত কৌশলি/আইনজীবিকে ছাড়া অন্য কেউ তাঁর পক্ষে শুনানীতে অংশগ্রহণ করতে পারবেন না।
- আপত্তিকারী/পরামর্শকারীকে শুনানীতে জাতীয় পরিচয়পত্র প্রদর্শন করতে হবে।
- কোন অবস্থাতেই আপত্তি/পরামর্শ শুনানীর তারিখ ও সময় পরিবর্তন করা হবে না।
- স্থান সংকুলানের সমস্যা হলে শুনানী কক্ষে প্রবেশ নিয়ন্ত্রণ করা হবে।

তফসিল

অঞ্চলের নাম	আপত্তি/পরামর্শ শুনানীর তারিখ	নির্বাচনি এলাকার নাম ও নম্বর	শুনানীর সময়	আপত্তি/পরামর্শ শুনানীর স্থান
১	২	৩	৪	৫
কুমিল্লা	০৩ মে, ২০২৩ বুধবার	২৪৭ ব্রাহ্মণবাড়িয়া-৫	সকাল- ১০.০০ টা থেকে ১০.৩০ টা	নির্বাচন ভবন অডিটরিয়াম, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
		২৪৯ কুমিল্লা-১ ও ২৫০ কুমিল্লা-২	সকাল- ১০.৩০ টা থেকে ০১.০০ টা	
		২৫৬ কুমিল্লা-৮ ও ২৫৭ কুমিল্লা-৯		
		২৫৮ কুমিল্লা-১০		
		২৬৮ নোয়াখালী-১ ও ২৬৯ নোয়াখালী-২	বিকাল- ০৩.০০ থেকে ০৩.৩০ টা	
		২৬০ চাঁদপুর-১, ২৬১ চাঁদপুর-২, ২৬২ চাঁদপুর-৩, ২৬৩ চাঁদপুর-৪ ও ২৬৪ চাঁদপুর-৫		
রাজশাহী	০৭ মে, ২০২৩ রবিবার	৪৩ চাঁপাইনবাবগঞ্জ-১	সকাল - ১০.০০ টা থেকে ১২.৩০ টা	নির্বাচন ভবন অডিটরিয়াম, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
		৬২ সিরাজগঞ্জ-১, ৬৩ সিরাজগঞ্জ-২, ৬৬ সিরাজগঞ্জ-৫ ও ৬৭ সিরাজগঞ্জ-৬		
		৬৮ পাবনা-১ ও ৬৯ পাবনা-২		
ময়মনসিংহ	১১ মে, ২০২৩ বৃহস্পতিবার	কিশোরগঞ্জে (অতিরিক্ত আসন দাবী)	সকাল- ১০.০০ টা থেকে ১২.০০ টা	নির্বাচন ভবন অডিটরিয়াম, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
ফরিদপুর		২১১ ফরিদপুর-১, ২১২ ফরিদপুর-২, ২১৩ ফরিদপুর-৩ ও ২১৪ ফরিদপুর-৪		
ঢাকা		১৭৭ ঢাকা-৪		
		১৯২ ঢাকা-১৯		

অঞ্চলের নাম	আপত্তি/পরামর্শ শুনানীর তারিখ	নির্বাচনি এলাকার নাম ও নম্বর	শুনানীর সময়	আপত্তি/পরামর্শ শুনানীর স্থান
১	২	৩	৪	৫
		১৯৫ গাজীপুর-২		
		১৯৮ গাজীপুর-৫		
		২০৭ নারায়ণগঞ্জ-৪ ও ২০৮ নারায়ণগঞ্জ-৫		
খুলনা	১৪ মে, ২০২৩ রবিবার	৮৬ যশোর-২	সকাল- ১০.০০ টা থেকে ১২.৩০ টা	নির্বাচন ভবন অডিটরিয়াম, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
		৯০ যশোর-৬		
		১০৭ সাতক্ষীরা-৩		
বরিশাল		১০৯ বরগুনা-১ ও ১১০ বরগুনা-২		
		১২৭ পিরোজপুর-১, ১২৮ পিরোজপুর-২ ও ১২৯ পিরোজপুর-৩		
চট্টগ্রাম		পার্বত্য চট্টগ্রামে (অতিরিক্ত আসন দাবী)		

(মোঃ আবদুল বাতেন)
যুগ্ম সচিব(নিঃ ব্যঃ-১)
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

প্রাপক: জনাব.....

.....
.....।

নং-১৭.০০.০০০০.০২৫.২২.০০৪.২২(অংশ-১)-২৪১

তারিখ: ০৫ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. বিভাগীয় কমিশনার,(সকল)।
২. জেলা প্রশাসক,(সংশ্লিষ্ট)।
৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [প্রজ্ঞাপনটি কমিশনের ওয়েব সাইট ও ইন্টারনাল সাইটে প্রদর্শনের অনুরোধসহ]
৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,.....(সকল)।
৫. পরিচালক, জনসংযোগ, তাঁকে ০৩টি দৈনিক পত্রিকায় [০২টি বাংলা ও ০১টি ইংরেজি] বিজ্ঞাপন আকারে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
৬. সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা,.....(সকল)।
৭. উপ পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা।
৮. প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. নির্বাচন কমিশনার মহোদয়গণের একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়গণের সদয় অবগতির জন্য)।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. উপজেলা নির্বাহী অফিসার(সকল)
১২. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা,.....(সকল)।
১৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

—
০৫-০৪-২০২৩
(রৌশন আরা বেগম)

সিনিয়র সহকারী সচিব(নিঃসঃ-১)
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা